

## বেসরকারী স্কুল শিক্ষক ও কর্মচারীদের জন্য সরকারী বেতন ও ভাতা ৬০ ভাগ বৃদ্ধি

বাসস জানায়, সরকার বেসরকারী স্কুল শিক্ষক ও কর্মচারীদের বেতন ও ভাতা বাবদ ৬০ ভাগ অনুদান বৃদ্ধি করিয়াছেন। গতকাল (শনিবার) ঢাকায় সরকারীভাবে একথা ঘোষণা করা হয়। ঘোষণায় বলা হয়, বেসরকারী স্কুলের প্রধান শিক্ষক বেতন ও ভাতা বাবদ প্রতিমাসে ১৭৬০ টাকা অনুদান লাভ করিবেন—পূর্বে পাইতেন ১১ শত টাকা। সহকারী শিক্ষক যাহারা এখন পর্যন্ত ৭ শত টাকা অনুদান পাইতেছেন, তাহারা বর্তমানে পাইবেন ১১ শত টাকা। বেসরকারী স্কুল শিক্ষক ও কর্মচারীদের জন্ম সংশোধিত এই বেতন স্কেল চলতি মাস হইতে কার্যকর হইবে। ইহাতে বছরে অতিরিক্ত একশত কোটি টাকার প্রয়োজন হইবে।

সরকারী তথ্য বিবরণীতে বলা  
(১২শ পৃ: ৩-এর ক: মু:)

## সরকারী স্কুল শিক্ষক

(১ম পৃ: পর)

১. পুরাতন স্কেলে একজন প্রধান শিক্ষক একটি ইনক্রিমেন্ট বাবদ ৬৫ টাকা পাইতেন। সহকারী শিক্ষকের বেলায় ইহা ছিল ৫ টাকা। নতুন স্কেলে এই ইনক্রিমেন্ট বৃদ্ধি করিয়া যথাক্রমে ২০ টাকা ও ১০ টাকার উন্নীত করা হইয়াছে। বেসরকারী শিক্ষক ও কর্মচারীগণ চলতি মাস হইতে চাকিয়া ভাতা বাবদ ৬০ টাকার পরিবর্তে মাসিক একশত টাকা পাবে পাইবেন। শিক্ষক ও কর্মচারীদের জন্ম মাসিক একশত টাকা হারে বাড়ী ভাড়া হিসাবে প্রদত্ত অনুদান অব্যাহত থাকিবে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতন বাবদ প্রদত্ত অনুদান চলতি মাস হইতে দ্বিগুণ করা হইয়াছে। উদাহরণস্বরূপ, একজন তৃতীয় শ্রেণীর কর্মচারী পূর্বে ১৪৪ টাকা অনুদান হিসাবে পাইতেন, এখন ইহা ২৮৮ টাকার উন্নীত করা হইয়াছে। অনুক্রমণাবে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পূর্বে প্রদত্ত অনুদান ১২০ টাকার স্কেলে ২৪০ টাকা করা হইয়াছে।

সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও বেসরকারী শিক্ষকদের আর্থিক বিধা প্রদানে উল্লেখিত পদক্ষেপ হ্রদের প্রেক্ষিতে সরকার আশা করেন যে, দেশ ও জাতির বিশেষ গরিয়া আসন্ন এসএসসি পরীক্ষার্থীদের স্বহস্ত স্বার্থে ধর্মঘট শিক্ষকগণ অবিলম্বে তাঁহাদের ধর্মঘট-প্রত্যাহার করিবেন।